


মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প বাস্তবায়নের লক্ষে গাজীপুর জেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : আবুল কালাম  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর।  
তারিখ : ০৮/০২/২০২২ খ্রিঃ  
সময় : সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর এর আফিস কক্ষ  
উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর সভায় জানান যে, আইজিএ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭(২)-৪৩২, তারিখ: ০১/১২/২০২১ পত্রের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় আউটসোর্সিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতি জেলায় ৪৫ জন প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। আইজিএ প্রকল্পের প্রধান কার্যালয় হতে স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮.৪৩০, তারিখ: ০১/১২/২০২১ মোতাবেক প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করে। এ প্রেক্ষিতে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুরে “কম্পিউটার অ্যানালিকেশন প্রোগ্রাম” ট্রেডে মোট ৭৬ জন আবেদন করেছেন। সদস্য সচিব সভায় আরও জানান যে, ৭৬ টি আবেদনপত্র হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা প্রয়োজন। এরপর তিনি আবেদনপত্র সমূহ সভায় উপস্থাপন করেন। আবেদনপত্র সমূহ যাচাই বাছাই পূর্বক প্রশিক্ষণার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়। সাক্ষাৎকার গ্রহণ শেষে ৪৫ জন প্রশিক্ষণার্থী নির্বাচন এবং ১২ জন প্রশিক্ষণার্থীর অপেক্ষমান তালিকা করা হয়। প্রথম মাসে ট্রেড হতে প্রশিক্ষণার্থী ড্রপ-আউট হলে অপেক্ষমান তালিকার ক্রমানুসার হতে তা পূরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
আবুল কালাম

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সভাপতি


জেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটি  
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক  
(আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প  
গাজীপুর।

স্মারক নং : ৩২.০১.৩৩০০.০০০.১৮.১১৭(০১).১৯.২০৪

তারিখ : ০৮/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১. যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর।
০৩. চিফ-ইন্সট্রাক্টর, গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর।
০৪. প্রোগ্রাম অফিসার, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর।
০৫. অফিস নথি।

  
শাহানা জ আক্তার  
উপপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
গাজীপুর।